তারিখ . 10 APR 2015
পৃষ্ঠা 2 কলাম ৬

# জাবি ছাত্রলীগের ৩ কর্মীর বিরুদ্ধে ছিনতাইয়ের অভিযোগ

■ জাবি সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) শাখা ছাত্রলীগের তিন নেতাকর্মীর বিরুদ্ধে অস্ত্র ঠেকিয়ে ছিনতাইয়ের অভিযোগ উঠেছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে আশুলিয়ার সন্ধীপ গ্রামের বাসিন্দা মো. জসীম উদ্দিন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অফিসে এ ব্যাপারে লিখিত অভিযোগ করেন।

তিনি জানান, বুধবার বান্ধবীকে নিয়ে বিশ্ববিদ্যালয়ের বোটানিক্যাল গার্ডেনে হাঁটার সময় ওই তিনজন তাকে মারধর করে এবং আগ্নেয়াস্ত্র দেখিয়ে মোবাইল ফোনসেট ও মানিব্যাগ ছিনিয়ে নেন। অভিযুক্তরা হলেন– জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের ছাত্র আবদুর রহিম জুয়েল, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের ছাত্র রবিউল ইসলাম ও পদার্থ বিজ্ঞান বিভাগের ছাত্র হাসান। জানা যায়, আবদুর রহিম জুয়েল চাঁদাবাজির অভিযোগে ছাত্রলীগ থেকে বহিষ্কৃত। তার অনুসারী রবিউল ইসলাম ও হাসান সক্রিয় ছাত্রলীগ কর্মী।

তবে অভিযোগ অস্বীকার করে ছাত্রলীগ নেতা আবদুর রহিম জুয়েল বলেন, তাদের সেদিন ক্যাম্পাস থেকে বের করে দেওয়া হয়েছে। এ সময় ছিনতাইয়ের কোনো ঘটনা ঘটেনি।

প্রক্টর অধ্যাপক তপন কুমার সাহা বলেন, লিখিত অভিযোগ পেয়েছি। তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে।